

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১ (অংশ-১).১৭-৩৯৪

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড (বিসিএসসিএল) এর সেবা বিপণনের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ বিসিএসসিএল এর পত্র নং-বিসিএসসিএল/ব্যপ-২/বিবিধ/২০১৭-৫৬; তারিখঃ ০৩/১০/২০১৭ইং


উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত Space Partnership International (SPI) নামক প্রতিষ্ঠানটি ইতোমধ্যে বিসিএসসিএল এর প্রকল্পে নিয়োগপ্রাপ্ত। এ নিয়োগ উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে হয়ে থাকলে ক্রয়কারী বিদ্যমান পণ্য/কার্য/সেবার প্রাপ্যতা, কারিগরী নির্ভরশীলতা/ধারাবাহিকতা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে একক উৎস বা সরাসরি ক্রয়ের বিষয়ে পিপিএ, ২০০৬ এর ধারা-৩২(১)(খ) এবং পিপিআর, ২০০৮ এর বিধি-৭৪, ৭৫, ৭৬, ১০৪ এবং ১১০ এর আলোকে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে উপযুক্ত ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে। এ ক্ষেত্রে SPI এর সংগে সম্পাদিত চুক্তিতে উল্লিখিত মূল কাজের অতিরিক্ত/নতুন কাজের পরিমাণ ৫০% এর মধ্যে সীমিত থাকলে বিধি-৭৪(৪) অথবা ১০৪(১)(ঘ)(৮) মোতাবেক ক্ষেত্রমতে ভেরিয়েশন অর্ডার প্রযোজ্য হবে। অন্যথায় আইনের ধারা-৩২(১)(খ)(অ) এবং বিধি-১০৪(১)(ঘ)(৩) এর সংস্থান মোতাবেক SPI এর সংগে সরাসরি চুক্তি সম্পাদন করা যেতে পারে।

০২। বর্ণিত ক্রয় কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৬৮ ধারার আলোকে বিবেচনাযোগ্য হলে CCEA'র অনুমোদনক্রমে ক্রয়কারী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

০৩। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড একটি সরকারি মালিকানাধীন কোম্পানী হওয়ায় এ প্রতিষ্ঠানের ক্রয় প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে অর্থ বিভাগের আর্থিক ক্ষমতা অর্পণ বিধি (DoFP) প্রযোজ্য নয় বিধায় CCGP'র অনুমোদনের আবশ্যিকতা নেই। এ ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ১০(২) দেখা যেতে পারে।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

ব্যবস্থাপনা পরিচালক  
“বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড  
ও অতিরিক্ত সচিব  
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়  
আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

  
৯/১০/১৭  
(মোসাম মোসুমা হাবিব)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।